সরকারের নিষেধাজ্ঞা সত্ত্বেও ঝিনাইদহে হার্ভার্ড, ওরাকল ও সাইফুর’সসে কোচিং বাণিজ্য চলছে

সারা বিশ্ব যখন করোনার ভয়ে আতঙ্ক, সরকারের পক্ষ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার ৩১মার্চ পযর্ন্ত বন্ধ রাখার কড়া নিষেধাজ্ঞা সেই মুহূর্তে ঝিনাইদহের হার্ভার্ড স্কুল এন্ড কলেজ, ওরাকল ও সাইফুর’স সহ বেশকিছু প্রি-ক্যাডেট ও কোচিং সেন্টার নিষেধাজ্ঞা উপেক্ষা করে চালিয়ে যাচ্ছে কোচিং বাণিজ্য।

শনিবার সকাল ৯টায় এমনকয়েকটি প্রতিষ্ঠিানের সামনে ঘুরে এমন দৃশ্য দেখা যায়। হার্ভার্ড স্কুল এন্ড কলেজে অভিভাবক ও ছাত্র ছাত্রীদের মাঝে টাকার বিনিময়ে প্রশ্ন বিতরণ করার দৃশ্য দেখা গেছে। ছাত্রছাত্রীদের বিকাল ৩টায় এসে উত্তরপত্র জমা দেওয়ার জন্য বলা হয়েছে। বেশ কয়েকজন অভিভাকের সাথে কথা বলে এসবের সত্যতা পাওয়া গেছে। সাংবাদিক আসার খবর পেয়ে প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষক, ৩০/৪০জন ছাত্র ও অভিভাবকে দ্রুত স্থান ছেড়ে চলে যেতে বলেন। কয়েকজন শিক্ষকের কাছ থেকে প্রশ্ন এবং খাতা বিতরণ করার দৃশ্যও চোখে পড়ে।

এছাড়া ওরাকল কোচিং সেন্টারের সজল নামে একজন শিক্ষককে গনিতের ক্লাস নিতে দেখা যায়। তার কাছে প্রশ্ন করলে তিনি বলেন কর্তৃপক্ষের নির্দেশে একটি ক্লাস নিচ্ছি তিনি প্রতিষ্ঠানের প্রধানের নাম বলতে অপারগতা প্রকাশ করেন।

সাইফুর’স কোচিং সেন্টারেও একই অবস্থা, রবিউল নামে একজন শিক্ষককে ছাত্রদের প্রয়োজনীয় ক্লাস এবং পরামর্শ দিচ্ছিলেন সাংবাদিক আসার সংবাদ পেয়ে দ্রুত কোচিং বন্ধ করে বাইরে নেমে যেতে বলেন।

এবিষয়ে হার্ভার্ড স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এমএ রহিম বলেন আমি প্রতিষ্ঠানের ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখেছি কিন্তু পঞ্চম শ্রেণীর ছাত্রদের অভিভাবকদের মাধ্যমে প্রতি সপ্তাহে একটি বিশেষ কায়দায় পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছি।

কোটচাঁদপুরে হোম কোয়ারেন্টাইন না মানায় ২০ হাজার ও চাউল ব্যবসায়ীকে ১৩ হাজার টাকা জরিমানা

বিশ্বজুড়ে প্রতিদিনই করোনাভাইরাসে আক্রান্ত হচ্ছে। অপরদিকে মারা গেছে হাজার হাজার আক্রান্ত রোগী। বিশ্বে ১৭৩ টি দেশ ও অঞ্চলে করোনার প্রকোপ ছড়িয়ে পড়েছে। কভিড-১৯ করোনাভাইরাস প্রতিরোধে বিদেশ ফেরত প্রবাসীদের ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকতে নির্দেশনা রয়েছে। কিন্তু অনেকেই হোম কোয়ারেন্টাইন নিয়ম মানছেন না তাদেরকে আর্থিক দন্ড দিচ্ছেন ভ্রাম্যমাণ আদালত।

ঝিনাইদহের কোটচাঁদপুরে হোম কোয়ারেন্টাইন না মানায় পৌর শহরের সলেমানপুর দাশ পাড়ার মো: মনিরুদ্দিনের ছেলে সিঙ্গাপুর প্রবাসী মো: মিন্টুকে ২০ হাজার টাকা জরিমানা করেছে উপজেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত।

অপরদিকে করোনার অজুহাতে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা অধিক লাভের আসায় অতিরিক্ত মূল্যে চাউল বিক্রি করছে। এমন অভিযোগের ভিত্তিতে মেইন বাজারের চাউল ব্যবসায়ী দীপংকর অধিকারী কে পাটজাত দ্রব্য ব্যবহার আইন-২০১০ এর ১৪ ধারা ও ভোক্তা অধিকার আইন-২০০৯ এর ৩৯/৪০ ধারায় ১০ হাজার ও রতন কুমার সাহাকে ভোক্তা অধিকার আইনে ৩ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুরে শহরের দাশ পাড়ায় ও দোকানে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করে এই জরিমানা আদায় করেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজনীন সুলতানা।

গত ১৫ তারিখে দেশে প্রবেশ করে কোটচাঁদপুুরে নিজ বাড়িতে আসেন মো: মিন্টু (৩৫)। বাসায় না থেকে জনসম্মুখে অবস্থান করায় তাকে ২০ হাজার এবং দুই চাউল ব্যবসায়ীকে ১৩ হাজার টাকা জরিমানা করা হয়।

বিদেশ ফেরত সবাইকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইন মেনে চলার নির্দেশ দেন নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা সার্টিফিকেট সহকারি আল-মামুন প্রমুখ।

স্বামীকে কুপিয়ে গুরুতর জখম স্ত্রী সহ সন্তান আটক

ঝিনাইদহের শৈলকুপায় গভীর রাতে স্বামীকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে মাথায় দা ঢুকিয়ে রাখলো স্ত্রী। বুধবার দিবাগক রাত সাড়ে ১২টার দিকে উপজেলার ৩নং দিগনগর ইউনিয়নের দেবতলা গ্রামের কাঠ ব্যবসায়ী উজ্জল শেখকে (৪০) কুপিয়ে গুরুতর জখম করে তার স্ত্রী মাজেদা বেগম।

ঘটনার পরপরই উজ্জলের সন্তান ও প্রতিবেশীরা মাথায় দা ঢোকানো অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল ভর্তি করে। অবস্থার অবনতি হলে মুমুর্ষ অবস্থায় রাতেই তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয় বলে পারিবারিক সুত্রে জানা যায়।

এ ঘটনায় শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান ও সেকেন্ড অফিসার মাহফুজুর রহমার বৃহস্পতিবার বেলা ১১টার দিকে ঘটনাস্থল পরিদর্শন করে স্ত্রী মাজেদা বেগম ও ছোট ছেলে হৃদয় হোসেনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে থানায় নিয়ে আসে। আহত উজ্জল বাহাদুরপুর গ্রামের সাত্তার শেখের ছেলে।

উজ্জল হোসেনের বোন জোসনা খাতুন জানান, তার ভায়ের সাথে মাজেদা বেগমের আনুমানিক ২০ বছরের সংসার। শিশু অবস্থায় মা মারা যাওয়ার পর থেকেই উজ্জল দেবতলা গ্রামে নানীর কাছে বড় হয়েছে। তার দুটি সন্তান। বেশ কয়েক বছর উজ্জলের সাথে স্ত্রীর সম্পর্ক ভালো না। প্রায়ই ঝগড়া বিবাদ লেগেই থাকে।

ঘটনার রাতে সাড়ে ১২টার দিকে পাশের রুমে ঘুমন্ত অবস্থার দুই

সন্তানকে মা মাজেদা বেগম বলে তোর বাবাকে কে যেন খুন করেছে। এর পরপরই দুই সন্তান মাথায় দা ঢোকানো অবস্থায় বাবাকে উদ্ধার করে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে মুমুর্ষ অবস্থায় সেখান থেকে তাকে কুষ্টিয়া ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে বলে তিনি জানান। তার অবস্থা আশংকাজনক।

এ ঘটনায় উজ্জলের স্ত্রী ও ছোট ছেলেকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ আটক করেছে বলে জোসনা খাতুন জানান।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান বলেন, উপজেলার দেবতলা গ্রামে স্বামীকে কুপিয়ে গুরুতর জখম করার ঘটনায় আহত উজ্জল শেখের স্ত্রী মাজেদা বেগম ও তার এক সন্তানকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

ঝিনাইদহে জাতির জনক বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধন

ঝিনাইদহে জেলা পরিষদ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জম্মশত বার্ষিকীতে বঙ্গবন্ধু ম্যুরাল উদ্বোধন ও ১০০ পাউন্ড কেক কেটে জম্মশত বার্ষিকী পালন করা হয়। মঙ্গলবার বিকালে ঝিনাইদহ জেলা পরিষদ অফিস চত্বরে এই উদ্বোধন করা হয়েছে।

ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

এ সময় উপস্থিত ছিলেন।ঝিনাইদহ-২আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, খালেদা খানম এমপি, জেলা প্রশাসক সরোজ কুমান নাথ, পুলিশ সুপার হাসানুজ্জমান পিপিএম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার ও ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরনসহ জেলা পরিষদের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

হরিনাকুন্ডুতে নির্যাতনের শিকার বৃদ্ধ মা ,আদালতে মামলা

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে উপজেলায় ছেলের নির্যাতনের শিকার হয়েছে এক বৃদ্ধা মা এই ঘটনায় ছেলের বিরুদ্ধে বিচার চেয়ে আদালতে মামলা করেছেন। ঘটনাটি ঘটেছে উপজেলার কাছারী তোলা গ্রামে।

স্থানীয় ও মামলা সূত্রে জানা যায় গত ৯তারিখে মৃত কোরবান শাহ’র স্ত্রী ছামিরা বেগম তার মেজ ছেলে লাভলু শাহের হাতে নির্যাতনের শিকার হয়ে আহত হয়। এবং ১০তারিখে ছেলের বিরুদ্ধে আদালতে মামলা করেন তিনি। মামলার আরজি থেকে আরও জানাযায় ছেলের নেশার টাকা দিতে অস্বীকার করায় মাকে এভাবে মারধর করে আহত করে এবং বিধবা মায়ের গচ্ছিত ৮০হাজার টাকাসহ একটি কানের দুল ছিনিয়ে নিয়ে যায়।

এবিষয়ে বিধবা মা ছমিরা বেগমের কাছে জানতে চাইলে তিনি কান্না জড়িত কণ্ঠে বলেন বাবা তোমার চাচা মৃত্যু বরণ করার পরে আমার তিন ছেলের মধ্যে মেজ ছেলে বিভিন্ন খারাপ সঙ্গে মিশে নেশায় আসক্ত হয়ে পড়েছে এবং জুয়াখেলে ঘরের বিভিন্ন জিনিসপত্র নষ্ট করে ফেলেছে। এই নেশার টাকা জোগাতে সে প্রায়ই আমাকে মারধর বা অত্যাচার নির্যাতন করে। এর আগেও আমি নির্যাতন সইতে না পেরে হরিনাকুন্ডুতে থানায় অভিযোগ করি এবং ওসি সবাইকে নিয়ে সেটা মিমাংশা করে দেয়। এখন আমি এই নেশাখোর পুত্রের বিচার চাই।

এ বিষয়ে মামলার আসামী লাভলু শাহ বলেন একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে আমার বড় ভায়ের ইন্ধনে মা আমার বিরুদ্ধে মামলা করেছে। আমি মাকে নির্যাতনের মত কোন ঘটনাই ঘটাইনি।

ঝিনাইদহে মুজিববর্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আলোচনা সভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহে মুজিববর্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আলোচনা সভা কেক কাটাসহ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে এ আয়োজন করা হয়।

এ সময় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সহকারি পরিচালক আজিজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সহ-সভাপতি ফয়সাল আহমেদ, নির্বাহী সম্পাদক সুলতান আল একরাম।

এসময় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সকল কর্মকর্তা কর্মচারিসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। আলোচনাসভা শেষে কেক কেটে স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে জাতির জনক বঙ্গবন্ধু: জন্মশতবর্ষে শ্রদ্ধাঞ্জলি বইয়ের মোড়ক উন্মোচন

ঝিনাইদহ পাগলা কানাই একাডেমির আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু জন্মশতবর্ষে শ্রদ্ধাঞ্জলি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। গতকাল মঙ্গলবার দুপুরে পৌর সুপার মার্কেট অফিসে বইয়ের মোড়ক উন্মোচন

করা হয়েছে। ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টুরসভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ। আরও উপস্থিত ছিলেন রেড়িও নবগঙ্গা চেয়ারম্যান আরমিজা শিরিন আক্তার এমি,ড.তপন কুমার গাঙ্গুলী ও কাজী পিকু প্রমূখ।

ঝিনাইদহে মুজিববর্ষে সিও সংস্থার আলোচনা সভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে সিও সংস্থার উদ্যোগে আলোচনা সভা, কেক কাটাসহ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে শহরের চাকলাপাড়ার সিও কনভেনশন সেন্টারে এ আয়োজন করা হয়। এ সময় সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমাজ সেবা অফিসার মমিনুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ মিডিয়া হাউজের সভাপতি এম রবিউল ইসলাম রবি, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সাংবাদিক মোস্তফা কামাল, মেহেদি হাসান সবুজ, সোহাগ আলী, সাদ্দাম হোসেন, সুলতান আল একরাম, খাইরুল ইসলাম নিরব।

এসময় সিও সংস্থার সকল কর্মকর্তা কর্মচারিসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। আলোচনাসভা শেষে কেক কেটে স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে জমকালো আয়োজনে মুজিববর্ষের উদ্বোধন

ঝিনাইদহে জমকালো আয়োজনের মধ্যে মুজিববর্ষের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে সোমবার রাত ১২ টায় শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে শত মোমবাতি প্রজ্জলন করা হয়। এসময় স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে সেখানে কেক কাটা হয়।

এসময় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুসহ স্থানীয় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। কেক কাটার সময় শ্লোগানে শ্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা।

একই সাথে চলে আতশবাজী প্রদর্শন। রংবেরংয়ের আতশবাজীতে ঝলমল করে পুরো শহর। এর আগে সন্ধ্যা থেকে রাত সাড়ে ১১ টা পর্যন্ত পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে চলে সাংস্কৃতিক অনুষ্ঠান।

জেলা আওয়ামী লীগের উদ্যোগে সকালে শহরের এইচএসএস সড়কের জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এসময় ঝিনাইদহ ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সফিকুল ইসলাম অপুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এছাড়া ঝিনাইদহ জেলা প্রশাসক, জেলা পুলিশ, জেলা পরিষদ, সিভিল সার্জন, মাদক দ্রব্য অধীদপ্তর, উপজেলা পরিষদ, পরিবার পরিকল্পনা, পাসপোর্ট অফিস, জনতা ব্যাংক, সিও সংস্থাসহ বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

ঝিনাইদহের কোটচাঁদপুরে কসমেটিকস্ ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুর মেইন বাজারে ভোক্তা অধীকার সংরক্ষন অধিদপ্তরের বাজার তদারকি অভিযান পরিচালনা করে দুটি কসমেটিকস্ দোকানে ১২হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সোমবার দুপুরে কোটচাঁদপুর বাজারে জেলা ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহঃ পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে বিভিন্ন কসমেটিক দোকানে বাজার তদারকি এই অভিযান পরিচালনা করা হয়।

শহরের সিরাজুল ইসলাম সড়কে লিটন ইন্টারপ্রাইজে মেয়াদ উত্তির্ণ এবং নকল কসমেটিক প্রসাধনী মজুদ ও বিক্রির দায়ে ১০ হাজার টাকা এবং একই অপরাধে প্রাপ্তি ষ্টোর কে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এদিকে অভিযানের সংবাদ ছড়িয়ে পড়লে বাজারের অধিকাংশ কসমেটিকের দোকান বন্ধ হয়ে যায়। অভিযানে জেলা ক্যাব সভাপতি আমিনুর রহমান টুকু ও কোটচাঁদপুর উপজেলা সেনেটারী ইন্সপেক্টর মো: মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। এই সময় পুলিশের একটি টিম সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেন।